# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৪৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৭৬: কষ্ট সহ্য করার মাহাত্ম্য

بَابُ اِحْتِمَالِ الْأَذٰى ـ (76)

---

আরবী

عَن أَبي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ رَجُلاً قَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، إنّ لِي قَرَابةً أصِلُهُمْ وَيَقْطَعُوني، وَأُحْسِنُ إلَيْهِمْ وَيُسيئُونَ إلَيَّ، وَأحْلَمُ عَنْهُمْ وَيَجْهَلُونَ عَلَيَّ، فَقَالَ: « لَئِنْ كُنْتَ كَمَا قُلْتَ، فَكأنَّمَا تُسِفُّهُمْ الْمَلَّ، وَلاَ يَزَالُ مَعَكَ مِنَ اللهِ ظَهِيرٌ عَلَيْهِمْ مَا دُمْتَ عَلَى ذلِكَ ». رواه مسلم

বাংলা

﴿ وَلَمَن صَبَرَ وَغَفَرَ إِنَّ ذَٰلِكَ لَمِنۡ عَزۡمِ ٱلۡأُمُورِ ٤٣ ﴾ [الشورا: ٤٣]

অর্থাৎ “(সেই ধর্মভীরুদের জন্য জান্নাত প্রস্তুত রাখা হয়েছে, যারা সচ্ছল ও অসচ্ছল অবস্থায় দান করে,) ক্রোধ সংবরণ করে এবং মানুষকে ক্ষমা করে থাকে। আর আল্লাহ (বিশুদ্ধচিত্ত) সৎকর্মশীলদেরকে ভালবাসেন।” (সূরা আলে ইমরান ১৩৪ আয়াত)

তিনি অন্য জায়গায় বলেন,

﴿ وَلَمَن صَبَرَ وَغَفَرَ إِنَّ ذَٰلِكَ لَمِنۡ عَزۡمِ ٱلۡأُمُورِ ٤٣ ﴾ [الشورا: ٤٣]

অর্থাৎ “অবশ্যই যে ধৈর্য ধারণ করে এবং ক্ষমা করে, নিশ্চয় তা দৃঢ়-সংকল্পের কাজ।” (সূরা শূরা ৪৩ আয়াত)

এ ব্যাপারে পূর্বোক্ত পরিচ্ছেদের হাদীসসমূহ উল্লেখ্য। আরো একটি হাদীসঃ

---

১/৬৫৩। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, এক ব্যক্তি বলল, ’হে আল্লাহর রাসূল! আমার কিছু আত্মীয় আছে, আমি তাদের সাথে আত্মীয়তা বজায় রাখি, আর তারা ছিন্ন করে। আমি তাদের সাথে সদ্ব্যবহার করি, আর তারা আমার সাথে দুর্ব্যবহার করে। তারা কষ্ট দিলে আমি সহ্য করি, আর তারা আমার সাথে মূর্খের আচরণ

করে।’ তিনি বললেন, ’’যদি তা-ই হয়, তাহলে তুমি যেন তাদের মুখে গরম ছাই নিক্ষেপ করছ (অর্থাৎ এ কাজে তারা গোনাহগার হয়।) এবং তোমার সাথে আল্লাহর পক্ষ থেকে তাদের বিরুদ্ধে সাহায্যকারী থাকবে; যতক্ষণ পর্যন্ত তুমি এর উপর অবিচল থাকবে।’’ (মুসলিম, এটি ৩২৩ নম্বরেও গত হয়েছে) [1]

## English

(76) Chapter: Endurance of Afflictions

Allah, the Exalted, says:
"(Those) who repress anger, and who pardon men; verily, Allah loves Al-Muhsinín (the good-doers (3:134) ''.
"And verily, whosoever shows patience and forgives, that would truly be from the things recommended by Allah.'' (42:43)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:
A man said to Messenger of Allah (ﷺ): "I have relatives with whom I try to maintain good relationship but they sever relations with me; whom I treat kindly but they treat me badly, with whom I am gentle but they are rough to me." He (ﷺ) replied, "If you are as you have said, then it is as though you are feeding them hot ashes and you will not be without a supporter against them from Allah, as long as you do so."

[Muslim].

Commentary: Also owing to its obvious relevance with this chapter this Hadith has been mentioned here. The above-mentioned Verses and this Hadith impress on a believer that in order to win the pleasure of Allah, he should be forgiving and tolerant with regard to the sufferings he experiences at the hands of people. Both, good behaviour and the example of the Prophet (PBUH), call for such an attitude.

### ফুটনোট

[1] মুসলিম ২৫৫৮, আহমাদ ৭৯৩২, ২৭৪৯৯, ৯৯১৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন